
ভোরের কাগজ

তারিখ ... ... NOV. 03.1999
পৃষ্ঠা ... কলাম ...



*নামাজে জানাজা উপলক্ষে গতকাল বায়তুল মোকাররম মসজিদে দেওয়ান মোহম্মদ আজরফের মরদেহ আনা হয় (নিচের ছবি)। ওপরে দেওয়ান মোহাম্মদ আজরফ*

# দেওয়ান মোহাম্মদ আজরফের জানাজা অনুষ্ঠিত

## দাফন আজ

**কাগজ প্রতিবেদক :** জাতীয় অধ্যাপক ও ইসলামী দার্শনিক অধ্যক্ষ দেওয়ান মোহাম্মদ আজরফের মরদেহ গতকাল মঙ্গলবার সিলেটে নিয়ে যাওয়া হয়েছে। আজ বুধবার শাহ জালাল মাজার কবরস্থানে তাকে দাফন করা হবে।

মৃতদেহ সিলেটে নেওয়ার আগে গতকাল ঢাকায় ৩ দফায় তাঁর জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। প্রথমে রামপুরা জামে মসজিদ, পরে আবুজর গিফারি কলেজ এবং শেষে বায়তুল মোকাররম মসজিদে তার জানাজার আয়োজন করা হয়।

দেওয়ান মোহাম্মদ আজরফের প্রতি সর্বসাধারণের শেষ শ্রদ্ধা জানানোর জন্য তার মৃতদেহ গতকাল সারারাত সিলেটে হযরত শাহজালালের মাজারে রাখা হয়।

অধ্যক্ষ দেওয়ান মোহাম্মদ আজরফের মৃত্যুতে বিভিন্ন রাজনৈতিক দল ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দসহ বিশিষ্ট ব্যক্তিরা গভীর শোকপ্রকাশ করেছেন। শোকপ্রকাশকারীদের মধ্যে রয়েছে জাতীয় সংসদের স্পিকার হুমায়ুন রশীদ চৌধুরী। বিএনপি চেয়ারপারসন ও সংসদে বিরোধীদলীয় নেত্রী খালেদা জিয়া, জাতীয় পার্টির চেয়ারম্যান এইচ এম এরশাদ, গণফোরাম সভাপতি ড. কামাল হোসেন, বিএনপি মহাসচিব আব্দুল মান্নান ভুঁইয়া, অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া প্রমুখ।